আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে

রাজ্যস্তরের আলোচনাসভা



বাংলা সাহিত্য ও সংস্কৃতি : সেকাল-একাল

-:: আয়োজক ::-

বাংলা বিভাগ

মানকর কলেজ

মানকর, পূর্ব বর্ধমান

তারিখ : ২১শে ফেব্রুয়ারি ২০১৮

আমন্ত্রণ পত্র

সম্মাননীয়

মহাশয় / মহাশয়া,

অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, প্রতি বছরের ন্যায় এবছরও আমরা যথাযোগ্য মর্যাদার সঙ্গে মানকর কলেজে আগামী ২১শে ফেব্রুয়ারি ২০১৮ তারিখে, "আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" উদযাপন করতে চলেছি। এই বিশেষ দিনটিকে মনে রেখে মানকর কলেজের বাংলা বিভাগের উদ্যোগে একটি এক দিনের রাজ্যস্তরের আলোচনাসভার আয়োজন করা হয়েছে। আলোচনাসভার বিষয়ঃ 'বাংলা সাহিত্য ও সংস্কৃতি : সেকাল-একাল'। এই আলোচনাসভায় প্রধান অতিথি রূপে উপস্থিত থাকবেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়-এর বাংলাদেশবিদ্যাচর্চা কেন্দ্র-এর প্রাক্তন অধিকর্তা ড.চিত্ত মণ্ডল এবং বিশেষ অতিথি রূপে উপস্থিত থাকবেন বর্ধমান বিশ্ববিদ্যালয়-এর বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড.অলোক কুমার চক্রবর্তী মহাশয়।

কলেজ কর্তৃপক্ষের তরফ থেকে বাংলা বিভাগের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে আপনার / আপনাদের সাগ্রহ উপস্থিতি কামনা করছি। আশা করছি আপনার / আপনাদের মননশীল গবেষণালব্ধ উপস্থাপনপত্র এই আলোচনার শ্রীবৃদ্ধি করবে ও কলেজ জ্ঞানাঞ্জনশলাকায় নবভাবে প্রদীপ্ত হবে।

ড. সুকান্ত ভট্টাচার্য্য

অধ্যক্ষ

মানকর কলেজ

যুগ্ম আহ্বায়ক : অধ্যাপিকা আঞ্জুমান লিপি ও ড.অরিজিৎ ভট্টাচার্য (বাংলা বিভাগ)

উপদেষ্টামন্ডলী : ড. সুকান্ত ভট্টাচার্য্য (অধ্যক্ষ, মানকর কলেজ)

অধ্যাপক কল্লোল সেন (ইংরেজি বিভাগ) / অধ্যাপক নীহার রঞ্জন রক্ষিত (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ)

অধ্যাপক তরুণ কুমার রায় (বাণিজ্য বিভাগ) / ড.কুসুম রাই (হিন্দী বিভাগ)

ড.শ্রাবন্তী ঘোষ (ভূগোল বিভাগ) / অধ্যাপক সুব্রত মণ্ডল (ইতিহাস বিভাগ) / ড.মামনি মণ্ডল (সংস্কৃত বিভাগ)

অধ্যাপক অমিতাভ বন্দ্যোপাধ্যায় (কম্পিউটার বিজ্ঞান বিভাগ) / অধ্যাপিকা সুজাতা মণ্ডল (গণিত বিভাগ)

অধ্যাপক শুকদেব মণ্ডল (দর্শন বিভাগ) / অধ্যাপক অরুণময় বৈদ্য (পদার্থবিদ্যা বিভাগ)

অধ্যাপক নলিন মাণ্ডি (সাঁওতালি বিভাগ) / অধ্যাপিকা রীনা সিংহ (অর্থনীতি বিভাগ)

অধ্যাপক অর্ণব ঘোষ (শারীরশিক্ষা বিভাগ) / শ্রীযুক্ত অমিত কুমার দাস (গ্রন্থাগারিক)।

সহযোগিতায় : মানকর কলেজের সকল অধ্যাপক-অধ্যাপিকা, শিক্ষাকর্মী ও ছাত্রছাত্রীবৃন্দ ।

আলোচনাসভার বিষয়

(কথামুখ)

"বাঙলা ভাষা নিয়েই বাঙালি জাতি বা জনগণ"

(আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়)

বর্তমান সময়ে লোকসংখ্যার নিরিখে বাংলা ভাষা পৃথিবীর ষষ্ঠ গরিষ্ঠ ভাষা। যদিও সংখ্যাধিক্যের সারণী উৎকর্ষ বিচারের মাপকাঠি নয় তবুও ভাষাই যদি সংস্কৃতির ঐক্যসূত্র হয় তবে বাঙালি সংস্কৃতির ধারা যথেষ্ট পুষ্ট ও বেগবান। বাংলা ভাষার বয়স কমবেশি দুই হাজার বছর। এই দীর্ঘকালের টানাপোড়েন, ভাঙা-গড়া, উত্থান-পতন ও গ্রহণ-বর্জনের মধ্যে দিয়ে প্রবহমান একটা সংস্কৃতির রূপরেখা আজ বুঝে নেওয়া প্রয়োজনীয় হয়ে পড়েছে। আজকের দিনের বাস্তব পরিস্থিতিকে স্মরণে রেখে জাগ্রত জীবন বা জাগ্রত চরিত্রই পারে বাংলার সংস্কৃতির বিকাশ ঘটাতে। সংস্কৃতিই হল একটা জাতির চিত্ত-বিকাশ। সে বিকাশ মানবিক কর্তব্যে, সাহিত্যে, সংগীতে, শাস্ত্রে, সমাজ-সংস্কারে, নবধর্মে ও জীবনমুখীনতায়। আমরা আশাবাদী যে, এই আলোচনাসভার মধ্যে দিয়ে বাংলা সাহিত্য ও সংস্কৃতির বৈচিত্র্যপূর্ণ নানাদিক উঠে আসবে।

বিষয়ের উপবিভাগ

আলোচনাচক্রের সঙ্গে প্রাসঙ্গিক যে কোনো বিষয়ে গবেষণাপত্র জমা দেওয়া যাবে।

গুরুত্বপূর্ণ দিনাঙ্ক ও তথ্যাবলী

- সংক্ষিপ্তসার জমা দেওয়ার দিনাঙ্ক – ১৫ / ০২ / ২০১৮ -এর মধ্যে
- শব্দসীমা – অনধিক ৩০০
- পূর্ণপত্র জমা দেওয়ার দিনাঙ্ক – ২১ / ০২ / ২০১৮
- শব্দসীমা – অনধিক ৩০০০
- লেখা পাঠাবার ঠিকানা –

  anjumanlipi786@gmail.com

  ab3mankarcollege@gmail.com
- উল্লিখিত ঠিকানায় গবেষণা নিবন্ধের সারসংক্ষেপ অভ্র/আমার বাংলা/বাংলা ওয়ার্ড/বিজয় বাংলা সফটওয়ারে টাইপ করে পিডিএফ ফর্ম্যাটে পাঠাতে হবে। ফন্ট সাইজ ১২। লাইন স্পেসিং ১.৫ (এমএসওয়ার্ড)। পেপার সাইজ এ-ফোর।
- গবেষণাপত্রের শেষে গবেষকের নাম, পরিচয়, ই-মেল, মোবাইল নম্বর এবং ঠিকানা থাকা আবশ্যিক।
- কোনো চিত্র অথবা তদনুরূপ তথ্যের ক্ষেত্রে যথাযথ উৎস নির্দেশ করতে হবে।
- গবেষণাপত্র পাঠের জন্য নির্বাচিত হলে ই-মেল মারফৎ ২০শে ফেব্রুয়ারি ২০১৮-এর মধ্যে জানিয়ে দেওয়া হবে।
- নির্বাচিত গবেষণাপত্র পরবর্তীকালে আইএসবিএন সংকলনগ্রন্থরূপে প্রকাশের পরিকল্পনা রয়েছে।
- নির্ধারিত অনুদান –

  অধ্যাপক/শিক্ষক/অন্যান্য – ৩০০ টাকা।

  গবেষক/স্নাতকোত্তর পাঠরত গবেষণাপত্র পাঠে আগ্রহী শিক্ষার্থী – ১০০ টাকা।
- আলোচনাসভা সংক্রান্ত বিষয়ে যোগাযোগ করতে পারেন –

  অধ্যাপিকা আঞ্জুমান লিপি (মো-৯৭৩৩৪৮১৩৫৭), ড.অরিজিৎ ভট্টাচার্য (মো-৯৮৩৬০৯২৯১৪), অধ্যাপক কাজল রায় (মো-৯৭৩৪২৪৯৭৬৫), অধ্যাপক সেখ মেহের আবদুল্লাহ (মো-৯৬৪৭৬৮৫৮৯৯), অধ্যাপিকা বনশ্রী দত্ত (মো-৯৯৩২৪০৭৯৮২)।

সম্ভাব্য অনুষ্ঠানসূচি

(উদ্বোধনী অধিবেশন)

- সকাল ১০। ০০ মিনিট – শহিদ-বেদীতে মাল্যদান
- সকাল ১০। ১০ মিনিট – প্রদীপ প্রোজ্জ্বলন
- সকাল ১০। ১৫ মিনিট – অতিথিদের বরণ
- সকাল ১০। ২০ মিনিট – উদ্বোধনী সঙ্গীত পরিবেশন



(অধ্যাপক সোমনাথ নায়ক, মানকর কলেজ)

- সকাল ১০। ৩০ মিনিট – স্বাগত ভাষণ

  (ড.সুকান্ত ভট্টাচার্য্য, অধ্যক্ষ, মানকর কলেজ)
- সকাল ১০। ৪৫ মিনিট – আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সম্পর্কিত কথন

  (অধ্যাপক নীহার রঞ্জন রক্ষিত, মানকর কলেজ)
- সকাল ১১। ০০ মিনিট – যন্ত্রসঙ্গীত পরিবেশনা : বাঁশি

  (শ্রীযুক্ত সুবীর রায়, প্রখ্যাত বংশীবাদক)

(প্রথম বিদ্যায়তনিক অধিবেশন)

- সকাল ১১। ৩০ মিনিট – সূচক ভাষণ

  (ড.চিত্ত মণ্ডল, প্রাক্তন অধিকর্তা, বাংলাদেশবিদ্যাচর্চা কেন্দ্র, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়)
- সকাল ১২। ১৫ মিনিট – বিশেষ বক্তৃতা

  (অধ্যাপক ড.অলোক কুমার চক্রবর্তী, বাংলা বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়)

(মধ্যাহ্ন ভোজনের বিরতি)

(১২। ১৫ মিনিট – ০১। ০০ মিনিট)

(দ্বিতীয় বিদ্যায়তনিক অধিবেশন)

- দুপুর ০১। ০০ – ০২। ০০ মিনিট – গবেষণাপত্র উপস্থাপন

(তৃতীয় বিদ্যায়তনিক অধিবেশন)

- দুপুর ০২। ০০ – ০৩। ০০ মিনিট – গবেষণাপত্র উপস্থাপন

(সমাপ্তি অধিবেশন)

- দুপুর ০৩। ০০ মিনিট - ধন্যবাদ জ্ঞাপন

  (অধ্যাপিকা আঞ্জুমান লিপি, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, মানকর কলেজ)

- দুপুর ০৩। ০৫ মিনিট – শংসাপত্র প্রদান

  ❖ (প্রয়োজনানুসারে অনুষ্ঠানসূচি পরিবর্তন করা হতে পারে।)

মানকর কলেজে আসার নির্দেশিকা



- বর্ধমান বা আসানসোল রেলস্টেশন থেকে প্যাসেঞ্জার/লোকাল ট্রেনে সরাসরি মানকর স্টেশনে আসা যায়। বেশকিছু এক্সপ্রেস ট্রেনেরও মানকর রেলওয়ে স্টেশনে স্টপেজ আছে। স্টেশন থেকে বেরিয়ে সাইকেল রিক্সা/ ই-রিক্সা/ বাসে করে মানকর কলেজ ১০ মিনিটের পথ। পায়ে হেঁটেও কলেজ আসা যায়। সময় লাগবে আনুমানিক ২০ মিনিট।

- বর্ধমান রেলওয়ে স্টেশন থেকে উল্লেখযোগ্য ট্রেনের সময়সূচি –

  সকাল ০৭। ৩০ মিনিট (লোকাল)

  সকাল ০৭। ৫৯ মিনিট (ব্ল্যাক ডায়মণ্ড এক্সপ্রেস)

  সকাল ০৮। ৪০ মিনিট (লোকাল)

  সকাল ০৯। ৫০ মিনিট (লোকাল)

- আসানসোল রেলওয়ে স্টেশন থেকে উল্লেখযোগ্য ট্রেনের সময়সূচি –

  সকাল ০৬। ২০ মিনিট (লোকাল)

  সকাল ০৭। ০৩ মিনিট (কোলফিল্ড এক্সপ্রেস)

  সকাল ০৭। ৪২ মিনিট (লোকাল)

  সকাল ০৯। ০০ মিনিট (লোকাল)

- বর্ধমান এবং আসানসোলের মধ্যে সকাল থেকে সন্ধ্যে পর্যন্ত নিয়মিত বাস চলাচল করে (ভায়া বুদবুদ-মানকর স্টেশন-মানকর হাটতলা)।